শেখ হাসিনার উদ্যোগ

# নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২

সাওঘাট, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
ই-মেইলঃ-narayanganjpbs2@gmail.com
Website:pbs2.narayanganj.gov.bd

স্মারক নং- ২৭.১২.৬৭৬৮.৫৭৯.০১.০৩৮.২৩. ৪১০

তারিখঃ ০২/০২/২০২৩খ্রিঃ

## বার্ষিক প্রতিবেদন সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি (RFQ)

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর জন্য পবিসের নিজস্ব তহবিলের আওতায় কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতির মাধ্যমে নিম্নবর্ণিত স্পেসিফিকেশন অনুযায়ী বার্ষিক প্রতিবেদন মুদ্রণের জন্য বাংলাদেশের প্রকৃত উৎপাদনকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

| দরপত্র নং | ক্রঃ নং | বিবরন | মালামালের পরিমান | দাখিলকৃত উদ্ধৃত মূল্য (টাকা) | |
|---|---|---|---|---|---|
| | | | | একক মূল্য | মোট মূল্য |
| ৩৩/২২-২৩ | ০১ | **বার্ষিক প্রতিবেদন (কভার পৃস্ঠাসহ ২০ পৃষ্ঠার বই) সাইজঃ ১০.৭৫" × ৮.৫"** কভার পৃষ্ঠা ৩০০ জিএসএম গ্লোসী কাগজে উভয় দিকে ৪ (চার ) কালার অফসেট ছাপা। (ভিতরের পাতা ১২০ জিএসএম আর্ট কার্ডে ৪ (চার) কালার অফসেট ছাপা (নমুনা মোতাবেক)। | ৫০০ টি | | |
| | ০২ | **দাওয়াত কার্ড:** সাইজ: ১৩.৫"×৪.৯" কভার: ৩০০ জিএসএম আর্ট কার্ড রং : ৪ রং প্রিন্ট , উভয় পৃষ্ঠা লেমিনেটিং। | ১৫০ টি | | |
| | ০৩ | **খাম:** ৩০০ জিএসএম অফসেট পেপার, আর্ট কার্ড (পবিসের লোগো ও নাম মুদ্রিত), রং : ৪ কালার প্রিন্ট। | ১৭০ টি | | |
| | ০৪ | **রেজিস্ট্রেশন কুপন:** সাইজ: ৮"×৪" সাদা কাগজে ৩ ভাগে (নমুনা মোতাবেক) | ১০০০ টি | | |
| | | | | উদ্ধৃত মূল্য= | |
| | | | | ডিসকাউন্ট (যদি থাকে)= | |
| | | | | ডিসকাউন্টসহ মোট উদ্ধৃত মূল্য= | |

কথায়ঃ

শর্তাবলীঃ

০১। দরপত্র আগামী ০৯/০২/২০২৩খ্রিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকা পর্যন্ত নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, সাওঘাট, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ অথবা পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ারসাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বাক্সে ফেলতে হবে। প্রাপ্ত দরপত্র সমূহ একই দিন বেলা ১১.০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহন করা হবে না।

০২। দরপত্রের খামের উপরে " **বার্ষিক প্রতিবেদন সরবরাহের দরপত্র**" কথাটি স্পষ্টাক্ষরে লিখতে হবে এবং প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে দরপত্র খামে সীলগালা ব্যবহার পূর্বক উপরের ছক অনুযায়ী দাখিল করতে হবে।

০৩। দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা এবং ফ্লুইড ব্যবহার গ্রহনযোগ্য হবে না

০৪। দরপত্র দাখিলের সময় দরপত্রের সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিষ্ট্রেশন সার্টিফিকেট, আয়কর সনদপত্র ও ব্যাংক সলভেন্সী প্রত্যয়ন পত্রের সত্যায়িত ফটোকপি অবশ্যই দাখিল করতে হবে।

০৫। সফল দরদাতাকে কার্যাদেশ প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে মালামাল নিজ খরচে নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২, সদর দপ্তর, সাওঘাট, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ এ মালামাল সরবরাহ পুর্বক বর্নিত কার্য সম্পন্ন করতে হবে।

০৬। মালামাল সরবরাহ এবং কার্যসম্পাদনে বিলম্ব ঘটিলে সরবরাকৃত মালামালের চুক্তিমূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট চুক্তিমূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না। অনুমোদিত সময়ের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে কার্যাদেশ বাতিল পুর্বক নিয়মানুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে।

০৭। মালামাল সমুহ উপরে বর্নিত বিবরন ও নমুনা মোতাবেক হতে হবে। মালামাল সরবরাহের পর সমিতি কর্তৃক মনোনীত প্রতিনিধির মাধ্যমে গুনগত মান যাচাই করা হবে। সরবরাহকৃত মালামালের গুনগত মান মানসম্পন্ন না হলে গ্রহন করা হবে না।

০৮। আগামী ০৮/০২/২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে প্রশাসন বিভাগে নমুনা কপি দেখা যাবে। নমুনা মোতাবেক মালামাল না হলে গ্রহন করা হবে না এবং বিনা শর্তে কার্যাদেশ বাতিল করা হবে।

০৯। সন্তোষজনক ভাবে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল স্বাপেক্ষে হিসাবের খাতে প্রদেয় চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। সরকারী নিয়মানুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

১০। দরপত্রে উল্লেখিত মালামালের পরিমান কম/বেশী হতে পারে। এই ক্ষেত্রে প্রকৃত সংখ্যা/পরিমান অনুযায়ী বিল পরিশোধ করা হবে।

১১। দরপত্র সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাসা থাকিলে/ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পুর্বে লিখিত ভাবে অনুরোধ করতে হবে।

১২। নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১৩। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

2/2/23
(মোঃ রফিকুল ইসলাম)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় (বহুল প্রচারের নিমিত্তে আপনার নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
০৩। নির্বাহী প্রকৌশলী, (এসওডি) বাপবিবো, নারায়ণগঞ্জ।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..................... পবিস-১/২/৩/৪।
০৫। সকল ডিজিএম, নারায়ণগঞ্জ পবিস-২।
০৬। সকল এজিএম, নারায়ণগঞ্জ পবিস-২।
০৭। এজিএম (আইটি-১/২), নারায়ণগঞ্জ পবিস-২ (ওয়েব সাইটে প্রকাশ নিশ্চিত করবেন)।
০৮। মের্সাস............................।
০৯। নোটিশ বোর্ড, নারায়ণগঞ্জ পবিস-২।
১০। অফিস কপি/ মাস্টার কপি।

02.02.23
(ইন্দ্রজিত চন্দ্র)
এজিএম (প্রশাসন)